

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৬৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

بَابُ الْكَسْبِ وَطَلَبِ الْحَلَالِ

আরবী

وَعَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ ثَمَنِ الْكَلْبِ وَعَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ ثَمَنِ الْكَلْبِ وَمَهْرِ الْبَغِيِّ وَحُلُوانِ الْكَاهِنِ

বাংলা

২৭৬৪-[৬] আবূ মাস্'উদ আল আনসারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুর বিক্রয় মূল্য, যিনা-ব্যভিচারের বিনিময় হতে ও গণকের গণনার মূল্য গ্রহণ করতে নিষেধ করেছেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২২৩৭, মুসলিম ১৫৬৭, আবূ দাউদ ৩৪২৮, নাসায়ী ৪৬৬৬, তিরমিয়ী ১১৩৩, ইবনু মাজাহ ২১৫৯, আহমাদ ১৭০৭০, দারিমী ২৬৬১০, ইরওয়া ১২৯১, সহীহ ইবনু হিব্বান ৫১৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اَلَهٰى عَنْ ثَمَنِ الْكَلْب) রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কুকুরের মূল্য গ্রহণ করতে নিষেধ করেছেন। 'আল্লামা ত্বীবী বলেনঃ অধিকাংশ 'আলিমদের মতে কুকুর বিক্রেয় করা বিশুদ্ধ নয়। ইমাম নববী বলেনঃ কুকুর বিক্রেয় করা হারাম। তা বিক্রয় করা বিশুদ্ধ নয়, তার মূল্য হালাল নয়। কুকুর প্রশিক্ষিত অথবা অপ্রশিক্ষিত হোক, তা পালন করা বৈধ হোক অথবা না হোক, তা হত্যাকারীর ওপর কোনো জরিমানা নেই। অধিকাংশ 'আলিমদের অভিমত এটাই। তন্মধ্যে আবূ হুরায়রাহ্ (রাঃ), হাসান বাসরী (রহঃ), রবী'আহ্, আও্যা'ঈ, হাকাম, হাম্মাদ, শাফি'ঈ, আহমাদ, দাউদ, ইবনুল মুন্যির (রহঃ) প্রমুখ 'আলিমগণ।

ইমাম আবৃ হানীফাহ্ (রহঃ) বলেনঃ যে সকল কুকুর দ্বারা উপকার গ্রহণ করা বৈধ তা বিক্রয় করা বিশুদ্ধ। তা



হত্যাকারীর ওপর জরিমানা ওয়াজিব। ইবনুল মুন্যির (রহঃ), জাবির (রাঃ), 'আত্বা, নাখ'ন্ট প্রমুখ 'আলিমগণ হতে তা বিক্রয় করা বৈধ হওয়ার কথা বর্ণনা করেছেন। ইমাম মালিক (রহঃ) হতে একাধিক বর্ণনা রয়েছে। এক বর্ণনা মতে, তা বিক্রয় করা বৈধ না বটে, তবে তা হত্যাকারীর ওপর জরিমানা প্রয়োজ্য। ২য় বর্ণনা মতে, তা বিক্রয় করা বিশুদ্ধ এবং হত্যাকারীর ওপর জরিমানা ওয়াজিব। ৩য় বর্ণনা মতে, তা বিক্রয় করা বিশুদ্ধ নয় এবং তা হত্যাকারীর ওপর কোনো জরিমানা নেই। (শারহে মুসলিম ৯/১০ খণ্ড, হাঃ ১৫৬৭)

وَكُنُوانِ الْكَاهِنِ) "গণকের উপার্জন"। গণকের উপার্জনকে كُنُوانِ এজন্য বলা হয় যে, তা বিনা পরিশ্রমে সহজেই উপার্জন হয়। মূলত গণক মিথ্যা কথা দ্বারা মানুষকে ধোঁকা দেয় আর তা হারাম বিধায় গণকের উপার্জন হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন